

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৭০

আগরতলা, ৬ মে, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“চিকিৎসক ও নার্সের অভাবে জরুরী বিভাগগুলি চালু হচ্ছে না” এই শিরোনামে গত ৫ এপ্রিল, ২০২৫ দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে দক্ষিণ জেলা হাসপাতাল মেডিক্যাল সুপারিনটেনডেন্ট-এর কাছ থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, জেলা হাসপাতালে অন্যান্য বিভাগ সহ ট্রমা সেন্টারের কাজ সুচারুভাবে চলছে। এন.আই.সি. ইউ চালু রয়েছে, সার্জারিগুলি প্রতি সপ্তাহেই করা হচ্ছে। ছুটির দিনেও জরুরী ভিত্তিতে অস্ত্রোপচার হচ্ছে।
